

তারিখঃ ২২ জুন ২০২৫

বরাবর,
প্রধান প্রতিবেদক/ বার্তা সম্পাদক

বিষয়ঃ আগামী ২৩ জুন [সোমবার] ২০২৫ সকাল ১১:০০ টায় ইকোনমিক রিপোর্টার্স ফোরাম, ৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার, ঢাকায় স্পেনের সেভিলাতে অনুষ্ঠিতব্য “ফাইন্যান্সিং ফর ডেভেলপমেন্ট আন্তর্জাতিক সম্মেলন” এর প্রাক্কালে বাংলাদেশের নাগরিক সমাজের অবস্থান নিয়ে কোস্ট ফাউন্ডেশন ও ইকুইটি বিডি'র সংবাদ সম্মেলনে প্রতিবেদক ও আলোকচিত্রী প্রেরণের আমন্ত্রণ প্রসঙ্গে।

প্রিয় শ্রদ্ধাভাজনেষু,

কোস্ট ফাউন্ডেশন, ইকুইটি বিডি এবং সহযোদ্ধা সংগঠনগুলির পক্ষ থেকে এর পক্ষ হতে শুভেচ্ছা নিবেন।

আপনি অবগত আছেন যে আগামী ৩০ জুন থেকে ৩ জুলাই ২০২৫ পর্যন্ত স্পেনের সেভিলাতে “ফাইন্যান্সিং ফর ডেভেলপমেন্ট” এর চতুর্থ আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। “ফাইন্যান্সিং ফর ডেভেলপমেন্ট” (এফএফডি) একটি জাতিসংঘ নেতৃত্বাধীন প্রক্রিয়া যা টেকসই উন্নয়নের জন্য, বিশেষত ২০৩০ এজেন্ডা এবং টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়ন করার জন্য তহবিল সংগ্রহ করার উদ্দেশ্যে একটি বিস্তৃত কাঠামো (ফ্রেমওয়ার্ক)। এই সম্মেলন ২০১৫ সালে অ্যাডিস আবাবা অ্যাকশন এজেন্ডা (এএএএ) ঘোষণার পর থেকে টেকসই উন্নয়নের অগ্রগতি, সম্ভাব্য অর্থায়ন প্রক্রিয়া ও অর্থায়নের ফাঁকগুলি চিহ্নিত করবে। সম্মেলনের ফলে আন্তঃসরকারী পর্যায়ে এসডিজি বাস্তবায়নের জন্য আগামীর অর্থায়ন প্রক্রিয়া নিয়ে উন্নত রাস্তাগুলো একমত হবে বলে আশা করা হচ্ছে।

এফএফডি-৪ বাংলাদেশের টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনের অর্থায়নের জন্য একটি গুরুত্বপূর্ণ অধ্যায় ও এগ্যাডভোকেসির ক্ষেত্র। এফএফডি-৪ স্থানীয় রিসোর্স মোবাইলাইজেশন (ডিআরএম), বৈদেশিক দেনা বিষয়ক নীতিমালা এবং জলবায়ু অর্থায়ন ইত্যাদি বিষয়গুলো যা আগামী বাংলাদেশের অগ্রগতির জন্য গুরুত্বপূর্ণ সেগুলো নিয়েও কথা বলবে। এমন সম্মেলনের প্রাক্কালে আমরা বাংলাদেশের নাগরিক সমাজের পক্ষ থেকে আমাদের দেশের ন্যায্য অর্থায়নের যৌক্তিক দাবিগুলো সংবাদ সম্মেলনের মাধ্যমে বিশ্বব্যাপী উপস্থাপন করতে চাই।

উক্ত সংবাদ সম্মেলনে আপনার স্বনামধন্য গণমাধ্যম প্রতিষ্ঠানের একজন প্রতিবেদক ও একজন আলোকচিত্রী প্রেরণ করে উক্ত জনগুরুত্বপূর্ণ বিষয়টি কভার করার জন্য বিনীত অনুরোধ করছি।

বিনীত

মোস্তুফা কামাল আকন্দ
পরিচালক, কোস্ট ফাউন্ডেশন
মোবাইল: ০১৭১১৪৫৫৫৯১

সংবাদ সম্মেলন ”

বিষয় : ফাইন্যান্সিং ফর ডেভেলপমেন্ট আন্তর্জাতিক সম্মেলনঃ বাংলাদেশের নাগরিক সমাজের অবস্থান
তারিখ : ২৩ জুন [সোমবার] ২০২৫
সময় : সকাল ১১:০০ টা
স্থান : ইকোনমিক রিপোর্টার্স ফোরাম, ৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার, ঢাকা।

